

B.A. 5th Semester (Honours) Examination, 2022 (CBCS)

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : CC-XII

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও।

২×১০=২০

- (ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'লোকশিক্ষা' প্রবন্ধটি কত বঙ্গাব্দে কোন পত্রিকায় প্রকাশিত হয়?
- (খ) 'বাঙালির ওড়ানো বিদ্রোহের দুটি লাল পতাকা আজ-ও আমাদের সাহিত্য গগনে জ্বলজ্বল করছে'—দুটি লাল পতাকা বলতে লেখক কী বুঝিয়েছেন?
- (গ) 'দুই দিকে দুটো বড়ো জাতির প্রাণের কথা, মাঝে একটি দল-বিশেষের স্বপ্ন'—এই বিশেষ দল কারা? তাদের স্বপ্ন-ই বা কী বুঝিয়ে দাও।
- (ঘ) 'উপন্যাসের পূর্বসূচনা' প্রবন্ধে শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় কোন গুণকে ভাবী উপন্যাসিকের প্রথম গুণ বলে চিহ্নিত করেছেন?
- (ঙ) 'পারিবারিক নারীসমস্যা' প্রবন্ধে উল্লিখিত নোরা চরিত্রটি কোন নাট্যকারের কোন নাটকের চরিত্র?
- (চ) 'ভারতবর্ষের কোন প্রদেশেই বাঙলার মতন রক্তের মিশ্রণ হয়নি'—বাঙালির রক্তে কোন কোন রক্তের মিশ্রণ আছে তা প্রাবন্ধিকের অভিমত অনুসরণ করে লেখো।
- (ছ) 'এটুকু যে হচ্ছে, তার-ই জন্য ধন্যবাদ ক্লাইভ স্টিটকে'—লেখক কেন ক্লাইভ স্টিটকে ধন্যবাদ জানিয়েছেন?
- (জ) ভাব ও রসের মধ্যে পার্থক্য কী?
- (ঝ) 'অলংকার' বলতে বামন কী বুঝিয়েছিলেন?
- (ঞ) বামনের রীতিবাদের দোষ সর্বপ্রথম কোন আলংকারিক দেখান? তাঁর বক্তব্য কী ছিল?
- (ট) অনুভাব কাকে বলে?
- (ঠ) বাসনালোক কী?
- (ড) ধন্যালোক গ্রন্থের টীকাটির নাম কী? টীকাটি কে রচনা করেন?
- (ঢ) অলংকারশাস্ত্রে শব্দার্থতত্ত্বের প্রবক্তা কে? এ প্রসঙ্গে তাঁর মতটি কী?
- (ণ) 'বৃত্তি' ও 'কারিকা' বলতে কী বোঝো?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) ধ্বনি কয়প্রকার ও কী কী? কোন ধ্বনিটি আনংকারিকদের মতে শ্রেষ্ঠ এবং কেন?
- (খ) শব্দ ও অর্থ দু-রকম অনংকার থাকলেও বাক্য কাব্য হয় না, আবার অনলংকৃত বাক্যও শ্রেষ্ঠ কাব্য হয়েছে—এর উদাহরণ অতুলচন্দ্র গুপ্ত ‘কাব্যজিজ্ঞাসা’-য় দিয়েছেন, তাঁর অভিমত অনুসরণ করে বক্তব্য দুটি স্পষ্ট করো।
- (গ) রসশাস্ত্রে সঞ্চরীভাবের বিষয়টি ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।
- (ঘ) ‘এ অবস্থায় কোন মুখে বলিব যে হিন্দুর সহিত মুসলমানের বিবাদ?’—লেখকের বক্তব্য অনুসরণে হিন্দু-মুসলমানের সহযোগের চিত্রটি নিজের ভাষায় লেখো।
- (ঙ) খাঁটি ব্রত অনুষ্ঠানের প্রক্রিয়া এবং শাস্ত্রীয় ব্রত অনুষ্ঠানের প্রক্রিয়ার মধ্যে যে পার্থক্য আছে তা প্রাবন্ধিক-কেন অনুসরণ করে লেখো।
- (চ) ‘জোড়াতালি দিয়ে দু-দিক-ই বজায় রাখার চেষ্টা—সেটাই আজকালকার মানুষের বাঁচার উপায়’—এই বক্তব্যে জীবনের বৈপরীত্যের যে ছবি আছে তা নিজের ভাষায় লেখো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০×২=২০

- (ক) ‘এক আর্থিক স্বাবলম্বন দিয়ে বিরাট নারীসমস্যার মীমাংসা হতে পারে’—পারিবারিক নারীর জীবনের সমস্যাগুলি বিবৃত করো এবং আর্থিক স্বাবলম্বন দিয়ে সেই সমস্যাগুলির মীমাংসা কীভাবে সম্ভব আলোচনা করো।

অথবা

‘আমাদের ভাষা-সংকট’ প্রবন্ধে শ্রীযুক্ত বারীন্দ্রকুমার ঘোষের অভিযোগটির সত্যতা বিচার করো এবং তাঁর মতে যেটি সংকট তা প্রকৃত ভাষা-সংকট কি না বিশ্লেষণ করো।

- (খ) ‘যা শ্রেষ্ঠ কাব্য তার প্রকৃতিই হচ্ছে বাচ্যকে ছাড়িয়ে যাওয়া’—উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে বক্তব্যটি ব্যাখ্যা করে লেখো।

অথবা

বিভাব-অনুভাব-সঞ্চরীভাব যোগে রসের নিষ্পত্তি হয়—বিশ্লেষণ করে লেখো।